

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৮৬৮

২৯/ পানীয় (كتاب الأشربة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মদ পানকারী প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي شَارِبِ الْخَمْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَرِيرٌ بْنُ عَبْدِ الْحَمِيدِ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَنْ شَرِبَ الْخَمْرَ لَمْ يَقْبَلِ اللَّهُ لَهُ صَلَاةً أَرْبَعِينَ صَبَاحًا فَإِنْ تَابَ تَابَ اللَّهُ عَلَيْهِ فَإِنْ عَادَ لَمْ يَقْبَلِ اللَّهُ لَهُ صَلَاةً أَرْبَعِينَ صَبَاحًا فَإِنْ تَابَ تَابَ اللَّهُ عَلَيْهِ فَإِنْ عَادَ لَمْ يَقْبَلِ اللَّهُ لَهُ صَلَاةً أَرْبَعِينَ صَبَاحًا فَإِنْ تَابَ تَابَ اللَّهُ عَلَيْهِ فَإِنْ عَادَ الرَّابِعَةَ لَمْ يَقْبَلِ اللَّهُ لَهُ صَلَاةً أَرْبَعِينَ صَبَاحًا فَإِنْ تَابَ لَمْ يَتُبِ اللَّهُ عَلَيْهِ وَسَقَاهُ مِنْ نَهْرِ الْخَبَالِ " . قِيلَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ وَمَا نَهْرُ الْخَبَالِ قَالَ نَهْرٌ مِنْ صَدِيدِ أَهْلِ النَّارِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَقَدْ رُوِيَ نَحْوُ هَذَا عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

বাংলা

১৮৬৮। কুতায়বা (রহঃ) ... আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি মদ পান করে চল্লিশ ভোর (দিন) পর্যন্ত তার সালাত (নামাজ/নামাজ) কবুল হয় না। সে তওবা করলে আল্লাহ তার তওবা কবুল করবেন। সে যদি পুনরায় তা পান করে তবে আল্লাহ তা'আলা চল্লিশ ভোর পর্যন্ত তার সালাত কবুল করবেন না। যদি তওবা করে আল্লাহ তার তওবা কবুল করবেন। আবার যদি সে তা পান করে তবে চল্লিশ ভোর পর্যন্ত তার সালাত কবুল করবেন না। কিন্তু সে যদি তওবা করে তবে আল্লাহ তার তওবা কবুল করবেন। চতুর্থবার আবার সে যদি তা পান করে তবে চল্লিশ ভোর পর্যন্ত তার সালাত কবুল করবেন না এবং তওবা করলেও আল্লাহ তার তওবা কবুল করবেন না। পরন্তু তাকে "নাহরে খাবাল" থেকে পান করাবেন। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু-কে বলা হল, হে আবু আবদুর রহমান, 'নাহরে খাবাল' কি? তিনি বললেন, জাহান্নামীদের পূজের নহর। সহীহ, ইবনু মাজাহ ৩৩৭৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৬২ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান। আবদুল্লাহ ইবনু আমর এবং ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা সূত্রেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ হাদীস বর্ণিত আছে।

English

Narrated 'Abdullah bin 'Umar:

That the Messenger of Allah (ﷺ) said: "Whoever drinks Khamr, Salat is not accepted from him for forty days. If he repents, then Allah will accept his repentance. If he returns to it, then Allah will not accept his Salat for forty days. If he repents, then Allah will accept his repentance. If he returns to it, then Allah will not accept his Salat for forty days. If he repents, then Allah will accept his repentance. If he returns to it a fourth time, Allah will not accept his Salat for forty days, and if he were to repent, Allah would not accept his repentance, and he will be given to drink from the river of Al-Khabal." They said: "O Aby 'Abdur-Rahman! What is the river of Al-Khabal?" He said: "A river of the pus from the inhabitants of the Fire."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan. Similar to this has been reported from 'Abdullah bin 'Amr and Ibn 'Abbas from the Prophet (ﷺ).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22844>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন